

বাংলাদেশ জাতীয় অন্ধ কল্যাণ সমিতি (গাওসুল আয়ম বিএনএসবি আই হসপিটাল), দিনাজপুর

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয় অন্ধ কল্যাণ সমিতি (গাওসুল আয়ম বিএনএসবি আই হসপিটাল), দিনাজপুর -এ নিম্নলিখিত পদে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা হচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	পদ সংখ্যা	বেতন
১.	সহকারী সার্জন	FCPS/ MS/ DO/ DCO with special training in any field of ophthalmology. 03 years works experience in BNSB Dinajpur or same type of hospital. অধিকতর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের উচ্চতর পদবী ও গ্রেড প্রদান করা হবে।	০২ জন	আলোচনা সাপেক্ষে
২.	মেডিক্যাল অফিসার	এমবিবিএস ও বিএমডিসি রেজিস্টার্ড। চক্ষু চিকিৎসা বিষয়ে কাজের অভিজ্ঞতা/ প্রশিক্ষণ থাকলে অগ্রাধিকার দেয়া হবে।	০৩ জন	আলোচনা সাপেক্ষে
৩.	নার্স	সরকার অনুমোদিত নার্সিং কলেজ/ ইন্সটিটিউট হতে ডিপ্লোমা ইন নার্সিং পাশ এবং বিএনএমসি রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে।	০৮ জন	সংস্থার চালু গ্রেড-vi বেতন কাঠামো অনুযায়ী

**আবেদনের শর্তাবলীঃ** (১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা হতে হবে। (২) বয়সঃ আগামী ৩০/০৬/২০২৪ খ্রি. তারিখে সকল পদে আবেদনকারীর বয়সসীমা সর্বোচ্চ ৪০ বছরের মধ্যে হতে হবে। (৩) প্রার্থীকে আবেদনপত্রের সাথে দুই কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি, সকল পরীক্ষা পাশ, প্রশিক্ষণ ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্র ও চারিত্রিক সনদপত্রের কপি এবং “গাওসুল আয়ম বিএনএসবি আই হসপিটাল, দিনাজপুর” বরাবরে ক্রমিক নম্বর ০১ ও ০২ নং পদের জন্য ৫০০/- টাকা; ০৩ নং পদের জন্য ৩০০/- টাকার যে কোন তফসিলভুক্ত ব্যাংক থেকে অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে। (৪) আবেদনপত্র “সাধারণ সম্পাদক, বাংলাদেশ জাতীয় অন্ধ কল্যাণ সমিতি (গাওসুল আয়ম বিএনএসবি আই হসপিটাল), নিউটাউন, দিনাজপুর” বরাবরে এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত কাগজপত্রাদিসহ আবেদনপত্র আগামী ৩০/০৬/২০২৪খ্রি. তারিখ বেলা ২:০০ ঘটিকার মধ্যে **খামের উপর পদের নাম উল্লেখ করে** সরাসরি অথবা ডাকযোগে পৌছাতে হবে। (৫) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন গ্রহণ করা হবে না। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। (৬) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্ত সংশোধন/ পরিবর্তন/ পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), দিনাজপুর

ও

আহবায়ক

নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার ও আবেদনপত্র যাচাই-বাছাই সাব-কমিটি

বাংলাদেশ জাতীয় অন্ধ কল্যাণ সমিতি (গাওসুল আয়ম বিএনএসবি আই হসপিটাল), দিনাজপুর